

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ  
তথ্য মন্ত্রণালয়  
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা - ১২০৭

নং-১৫.৫৮.০০০০.১০৩. ০১১.১৭৩.৮৩(অংশ-১৪)-৪৮৮

তারিখ : ১৫/০৩/২০২১

নিয়োগপত্র

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটির ১১/০৩/২০২১ তারিখের সুপারিশ মোতাবেক হুকে বর্ণিত ব্যক্তিগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদ, বেতন স্কেল ও শর্তাবলি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:


ক্রমিক নং	নাম, পিতা-মাতার নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে)
০১।	জনাব মোঃ মোশারফ পিতা- মোঃ শফিক মাতা-মোছাঃ মোর্শেদা গ্রাম: হেলেধগ ডাকঘর: গোপালপুর বাজার উপজেলা: জামালপুর সদর জেলা: জামালপুর	অফিস সহায়ক	টাকা ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০
০২।	জনাব শচীন্দ্রনাথ মোহন্ত পিতা: বিপিন চন্দ্র মোহন্ত মাতা: লীলা মৈ মোহন্ত গ্রাম: পাঁচগ্রাম আলাবঙ্গ ডাকঘর: মীরের বাড়ী উপজেলা: লালমনিরহাট সদর জেলা: লালমনিরহাট	নিরাপত্তা প্রহরী	টাকা ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০

শর্তাবলি

- ১। নিয়োগপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তিকে চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জনের নিকট হতে শারীরিক উপযুক্ততার সনদপত্র দাখিল করতে হবে। সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র সন্তোষজনক না হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। নিয়োগপ্রাপ্ত কর্মচারী যোগদানের তারিখ হতে ২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ (Probationer) থাকবেন। পরবর্তীতে সন্তোষজনক চাকুরি এবং সরকারি বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে চাকুরিতে স্থায়ী করা হবে।
- ৩। যোগদানকৃত কর্মচারী চাকুরিবিধি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিয়োগবিধি এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবেন।
- ৪। চাকুরিতে যোগদানের এক মাসের মধ্যে নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে পুলিশ বিভাগ কর্তৃক ঠিকানা, সকল সনদপত্র, চারিত্রিক এবং প্রাক-পরিচয় ভেরিফিকেশনের লক্ষ্যে নির্ধারিত ফরম পূরণ করে জমা দিতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারীর স্থায়ী ঠিকানার কোন গরমিল প্রমাণিত হলে এ নিয়োগপত্র বাতিল করা হবে।
- ৫। নিয়োগপ্রাপ্ত কর্মচারী সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করতে অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ সকল সনদ যাচাই করা হবে। সনদ যাচাইকালে কোন গরমিল প্রমাণিত হলে নিয়োগপত্র বাতিল করা হবে।
- ৭। নিয়োগপ্রাপ্ত কর্মচারীর চাকুরির জ্যেষ্ঠতা সরকারি বিধি অনুসারে নির্ধারিত হবে।
- ৮। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

৯। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১০। উপর্যুক্ত শর্তাবলির আওতায় যোগদান করতে সম্মত হলে আগামী ৩০/০৩/২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকায় যোগদান করতে হবে। অন্যথায় উক্ত নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।



মোঃ নিজামুল কবীর  
মহাপরিচালক  
ফোন: ০২-৫৮১৫১৪৪৫

নং-১৫.৫৮.০০০০.১০৩. ০১১.১৭৩.৮৩(অংশ-১৪)-৪৮৮ (১১)

তারিখ : ১৫/০৩/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৬। চিফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
- ৮। জনাব মোঃ মোশারফ, পিতা- মোঃ শফিক, মাতা-মোছাঃ মোর্শেদা, গ্রাম: হেলেধা, ডাকঘর: গোপালপুর বাজার, উপজেলা: জামালপুর সদর, জেলা: জামালপুর।
- ৯। জনাব শচীন্দ্রনাথ মোহন্ত, পিতা: বিপিন চন্দ্র মোহন্ত, মাতা: লীলা মৈ মোহন্ত, গ্রাম: পাঁচগ্রাম আলাবল্ল, ডাকঘর: মীরের বাড়ী উপজেলা: লালমনিরহাট সদর, জেলা: লালমনিরহাট।
- ১০। সংশ্লিষ্ট সকলের ব্যক্তিগত নথি।
- ১১। অফিস নথি।



মোঃ নিজামুল কবীর  
মহাপরিচালক  
ফোন: ০২-৫৮১৫১৪৪৫

৫/৫